

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা


স্মারক নং- ৬৭৬

তারিখঃ ২৬.০৬.২০২৬

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল কৃষকের তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরী। এ লক্ষ্যে সকল ব্লকের কৃষক তালিকা নিম্নবর্ণিতভাবে সংরক্ষিত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

১. প্রতিটি ব্লকে সকল কৃষকের (বর্গাচাষী ও লিজ গ্রহিতা) তালিকা সংরক্ষণ থাকবে। উক্ত তালিকায় কৃষকের নাম, চাষযোগ্য জমি (নিজস্ব/বর্গা/লিজ), জাতীয় পরিচয় পত্রের নম্বর ও মোবাইল ফোন নম্বর থাকতে হবে। মোবাইল ফোন নম্বর নিজের না থাকলে প্রতিবেশি শব্দটি ব্যবহার করে তার মোবাইল ফোন নম্বর রাখতে হবে।
২. প্রণোদনা/পুনর্বাসন/প্রদর্শনীভুক্ত কৃষক/ কৃষি যন্ত্রপাতি গ্রহিতা ও প্রশিক্ষণ গ্রহণকারী কৃষকের তালিকা প্রকল্পভিত্তিক আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।
৩. সকল প্রকার কৃষক তালিকা সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং উপজেলা কৃষি কর্মকর্তার নামযুক্ত যৌথ সাক্ষরে প্রণীত হতে হবে।


(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পরিচালক,.....উইং(সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... অঞ্চল,.....(সকল)।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....জেলা (সকল)।
৪. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক.....প্রকল্প,
ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৫. উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস.....(সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।